দৈনিক সংবাদ ১০৩

তারিখ 23 JUN 1994
পৃষ্ঠা ৪ কলাম ৫

## বেসরকারি স্কুলের অনুদান অডিট প্রসঙ্গে

বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল-এর পদটি সংবিধানিক পদ। উহার অধীনে প্রায় দশটি অধিদপ্তর রহিয়াছে। ঐ সমস্ত অধিদপ্তরের নিরীক্ষা দল সমূহ বিদেশে বাংলাদেশ দূতাবাসসহ দেশের জেলা ও থানা পর্যায়ের সকল সরকারি, আধা-সরকারি অফিস, রাষ্ট্রায়ত্ব কল-কারখানা, ব্যাংক, বীমা ইত্যাদি এবং সরকারি স্কুল, কলেজ ও সরকারি অনুদানপুষ্ট প্রকল্পসমূহের আর্থিক লেন-দেনের হিসাব নিরীক্ষা করিয়া থাকে।

কিন্তু আশ্চর্যের বিষয় এই যে, নিরীক্ষার জন্য সরকারের এতবড় একটি বিভাগ থাকা সত্ত্বেও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান-সমূহে প্রদত্ত সরকারি অনুদানের হিসাব-নিরীক্ষার কাজটি সরকারি অডিট বিভাগের আওতার বাইরে রাখা হয়েছে। উক্ত খাতের হিসাব নিরীক্ষার দায়িত্বে রয়েছে শিক্ষা অধিদপ্তর। উক্ত অধিদপ্তর সরকারি অনুদানের হিসাব নিরীক্ষার জন্য প্রতি বছর চার্টার্ড একাউন্টেন্ট ফার্মের সহিত লাখ লাখ টাকার চুক্তি করিয়া থাকে। যেখানে টেস্ট রিলিফ হইতে শুরু করে যত রকম উন্নয়নমূলক কাজে সরকারি অনুদান বা মঞ্জুরি দেয়া হয় তা সরকারি অডিটের আওতাধীন এবং যেখানে কোটি কোটি টাকার কল-কারখানা, ব্যাংক/ বীমা বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্পসহ সকল সরকারি, আধা-সরকারি দপ্তর এবং সরকারি স্কুল-কলেজ সমূহ সরকারি অডিট বিভাগের আওতাধীন, সেখানে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান সমূহকে দেয় সরকারি অনুদানের টাকার হিসাব নিরীক্ষার কাজ চার্টার্ড একাউন্টেন্ট ফার্মের নিকট লিজ দেওয়ার যৌক্তিকতা কি?

সরকারি নিরীক্ষা দল সমূহ প্রতি বছর জেলা ও থানা পর্যায়ের সকল সরকারি, আধা-সরকারি অফিসসহ সরকারি শিক্ষা প্রতিষ্ঠান সমূহের হিসাব নিরীক্ষা করিয়া থাকে। সেই সঙ্গে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান সমূহে দেয় সরকারি অনুদানের হিসাব নিরীক্ষার কাজটি তাহাদের নিরীক্ষা কর্মসূচীর অন্তর্ভুক্ত করিয়া দিলে সরকারের লাখ লাখ টাকা সাশ্রয় করা সম্ভব। বিষয়টি সরকার বিবেচনা করিয়া দেখিবেন কি?

আসাদুজ্জামান
শেরে বাংলা নগর
ঢাকা-১২০৭।